ঝিনাইদহে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের মাঝে ২৬ লাখ টাকার চেক বিতরণ

ঝিনাইদহের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের মাঝে ২৬ লাখ টাকার চেক বিতরণ করা হয়েছে। রোববার দুপুরে জেলা পরিষদ মিলনায়তনে ওসব প্রতিষ্ঠানের প্রতিনিধিদের মাঝে এই চেক বিতরণ করা হয়।

সেসময় জেলা পরিষদ প্রশাসক এ্যাড. এম এ মজিদ, প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, সদর উপজেলা সাধারন সম্পাদক আলমগীর হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জেলার ৬ উপজেলার ১৬ টি মসজিদ ও মন্দির একজন অসুস্থ ব্যাক্তিকে সর্বমোট ২৬ লাখ টাকার চেক দেওয়া হয়।

আয়োজকরা জানান, ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর উন্নয়ন এবং অসহায় মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে নিয়মিত এ ধরনের সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরে স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে চেক বিতরণ

মেহেরপুরে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে অনুদানের চেক বিতরণ করেছে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ থেকে নিবন্ধিত ২০ টি সংগঠন ও ৩ জন অসহায় দুঃস্থের মাঝে এই চেক বিতরণ করা হয়।

সোমবার সকাল সাড়ে ১০ টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ

আব্দুল সালাম চেক বিতরণ করেন। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, মেহেরপুরে বাল্যবিবাহ, আত্মহত্যার প্রবনতা বেশি। স্বেচ্ছাসেবী সংগঠনকে এসকল সমস্যাগুলি নিয়ে সামাজিক সচেতনতা কর্মসুচি করার জন্য আহ্বান জানান । তিনি বলেন, আমাদের কর্মকান্ডসমুহ যদি সমাজে কোন উপকারে না আসে, তাহলে এটি ফলপ্রসু হবেনা। তিনি সংগঠনসমুহকে অনুরোধ করেন, সমাজে ভাল কাজ করার জন্য। ভাল কাজের জন্য আমরা তাদের পুরস্কৃত করবো।

অনুষ্ঠানের সভাপতি জেলা সমাজসেবা অফিসার আশাদুল ইসলাম স্বেচ্ছাসেবী সংস্থাসমুহকে উল্লেখিত কর্মসুচি পালনের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। জেলা সমাজসেবা নিবন্ধন কর্মকর্তা কাজী মনসুরের সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনসমুহ তাদের কর্মকান্ড তুলে ধরেন। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন মেহেরপুর শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার আনিছুর রহমান।

চেক জালিয়াতি মামলায় সাংবাদিক সুমনের জেল-জরিমানা

মেহেরপুরে চেক জালিয়াতি মামলায় আফসারুল হাসান সুমন (সুমন সাংবাদিক) কে এক বছরের কারাদণ্ড ও ৯৫ হাজার টাকা জরিমানার আদেশ দিয়েছেন আদালত।

গতকাল বুধবার বিকালে মেহেরপুর যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালতের বিচারক এমদাদুল হক এ রায় দেন। সাজাপ্রাপ্ত সুমন মেহেরপুর শহরের বড় বাজার এলাকার মৃত আনোয়ারুল ইসলামের ছেলে।

জানা গেছে, সুমন ২০২৩ সালের ২০ আগস্ট ব্যবসায়িক লেনদেনের সূত্র ধরে মেহেরপুর শহরের সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পাড়ার ফারুক হোসেনের ছেলে হাসানুল মারুফ এর ৯৫ হাজার ৩৮৭ টাকা পাওনা বাবদ রূপালী ব্যাংক শাখার একটি চেক প্রদান করেন। পরে ওই চেকের অনুকূলে কোন টাকা না থাকায় চেকটি ডিজ অনার করা হয়।

পরে হাসানুল মারুফ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালতে একটি মামলা দায়ের করেন। ওই মামলায় বিজ্ঞ আদালত আফসারুল হাসান সুমন (সুমন সাংবাদিক) কে এক বছরের কারাদণ্ড ও চেকের সমপরিমাণ ৯৫ হাজার টাকা জরিমানার আদেশ দেন।

মামলা রাষ্ট্রপক্ষে এ পি পি মখলেছুর রহমান খান স্বপন এবং আসামি পক্ষে রুত সোভা মন্ডল কৌশলী ছিলেন। সাজাপ্রাপ্ত সুমন পলাতক রয়েছে।

মেহেরপুরে সরকারি যাকাত ফান্ড থেকে যাকাতের চেক বিতরণ

২০২৪-২৫ অর্থবছরের জন্য বাছাইকৃত স্থায়ী যাকাত গ্রহীতাদের মধ্যে সরকারি যাকাত ফান্ডের অর্থ বিতরণ করা হয়েছে। কর্মহীন, দুঃস্থ ও অসহায় ব্যক্তিদের সহায়তার লক্ষ্যে এ অর্থ প্রদান করা হয়।

এ বছর মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের সরকারি যাকাত ফান্ড থেকে ৩২ জনকে প্রতিজন ৬ হাজার টাকা করে মোট ১ লাখ ৯২ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২৫ মার্চ) সকাল ১১টায় মেহেরপুর জেলা প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে যাকাতের চেক বিতরণ অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. এ. কে. এম. আবু সাঈদ, ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীর, জেলা সমাজসেবা (রেজি.) অফিসার কাজী আবুল মনসুর, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. আনিসুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চেক বিতরণ

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য বরাদ্দকৃত ৩৮ লাখ টাকার চেক বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার বিকাল তিনটার সময় মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে এ চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক ভারপ্রাপ্ত স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ তরিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নূর।

এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা সিভিল সার্জনের প্রতিনিধি ডা. ইনজামুল হক, জেলা পুলিশ সুপারের প্রতিনিধি ইন্সপেক্টর বজলুর রহমান, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার প্রতিনিধি এসআই অরুণ কুমার দাস, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানি ইয়ামিন, জেলা বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, জেলা বিআরটি এর কম্পিউটার অপারেটর নাসরিন আক্তার।

অনুষ্ঠানে সড়ক দুর্ঘটনায় নিহত ৭ জনের পরিবারের প্রত্যেককে ৫ লাখ টাকা করে মোট ৩৫ লাখ টাকা এবং গুরুতর আহত ও অঙ্গহানি হওয়া একজনকে ৩ লাখ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করা হয়।

সড়ক পরিবহন আইন ২০১৮-এর ধারা ৫৩ অনুযায়ী গঠিত সহায়তা তহবিল থেকে ক্ষতিপূরণ বা প্রযোজ্য চিকিৎসা খরচ পাওয়ার জন্য ৩০ দিনের মধ্যে আবেদন করার আহ্বান জানিয়েছেন জেলা বিআরটিএ।

ঝিনাইদহে বিআরটিএ’র ৬০ লাখ টাকার চেক বিতরণ

ঝিনাইদহ জেলায় বিভিন্ন সময়ে সড়ক দূর্ঘটনায় নিহত ও আহতদের পরিবারের মাঝে মঞ্জুরিকৃত ৬০ লাখ টাকার চেক বিতরণ ও হস্তান্তর করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টা থেকে ১১ টা পর্যন্ত ঝিনাইদহ জেলা প্রশাসক সম্মেলন কক্ষে বিআরটিএ’র ট্রাস্টি বোর্ড কর্তৃক এসব চেক বিতরণ করা হয়।

বিআরটিএ’র ঝিনাইদহ সার্কেল এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আওয়াল।

সেসময় উপস্থিত ছিলেন বিআরটিএ ঝিনাইদহের সহকারী পরিচালক মইনুল ইসলাম, মোটরযান পরিদর্শক এস এম সবুজ, তারিক হাসান, সাংবাদিকবৃন্দ, পরিবহন মালিক সমিতি ও শ্রমিক ইউনিয়নের সদস্যরা।

জানা যায়, ঝিনাইদহ জেলার বিভিন্ন স্থানে পৃথক সময়ে সড়ক দুর্ঘটনায় নিহত ১১ জন ও আহত ৩ জন পরিবারের মনোনীত সদস্যদের মাঝে এই চেক বিতরণ করা হয়। এর মধ্যে নিহতদের প্রত্যেক পরিবার ৫ লক্ষ টাকা ও আহত ২ জনের পরিবার পেলেন ১ লক্ষ টাকা করে এবং গুরুতর আহত ব্যক্তির ৩ লক্ষ টাকার চেক।

বিআরটিএ কর্তৃপক্ষ আরও জানায়, দুর্ঘটনা কবলিত হওয়ার ৩০ দিনের মধ্যে উপযুক্ত প্রমানাদিসহ নির্ধারিত ফরমে নিহত কিংবা গুরুতর আহতদের পরিবারের পক্ষ থেকে আবেদন করা হলে, তা ট্রাস্টি বোর্ডে যাছাই-বাছাই পূর্বক অর্থ সহযোগীতা মঞ্জুর করা হয়।

আলমডাঙ্গায় চেক জালিয়াতি মামলায় ওয়ারেন্টভুক্ত আসামি গ্রেফতার

আলমডাঙ্গায় চেক জালিয়াতি মামলার ওয়ারেন্টভুক্ত আসামি গার্মেন্টস কাপড় ব্যবসায়ী আশরাফুল আলম (আশা) (২৮) কে গ্রেফতার করেছে পুলিশ।

বৃহস্পতিবার দিনগত রাতে এরশাদপুর গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আশরাফুল আলম (আশা) পৌর এলাকার এরশাদপুর গ্রামের তাঁতীপাড়ার আতিয়ার রহমানের ছেলে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার রাতে ওই এলাকায় অভিযান চালায় পুলিশ। পরে এরশাদপুরের ভাড়া বাড়ি থেকে চেক জালিয়াতি মামলায় তাকে গ্রেফতার করা হয়। পরে বৃহস্পতিবার সকালে আশরাফুল আলম (আশা) কে চুয়াডাঙ্গা কোর্টে প্রেরণ করা হয়।

গাংনীতে চেক ডিজনার মামলায় আদালতের পরোয়ানাভূক্ত শাহিদা গ্রেফতার

চেক ডিজনার মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামি শাহিদা খাতুন
(৪৫) কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।
শাহিদা খাতুন গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের বানারুল ইসলামের স্ত্রী।

বৃহস্পতিবার (১৮ আগষ্ট) বিকালে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদের নেতৃত্বে এসআই আশিকুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে শাহিদাকে গ্রেফতার করেন।

শাহিদা খাতুনের নামে চেক ডিজঅনার অপরাধে আদালতের পরোয়ানাভূক্ত সিআর ১৯৮/১৯ মামলা রয়েছে।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ জানান, গোপন সংবাদের ভিত্তিত্বে তার বাড়িতে অভিযান চালিয়ে শাহিদা খাতুনকে গ্রেফতার করা হয়েছে। আগামীকাল শুক্রবার (১৯ আগষ্ট) সকালের দিকে আদালতে সোপর্দ করা হবে।

মেহেরপুরে অসহায় দরিদ্র রোগীদের মাঝে ৪৭ লাখ টাকার অনুদানের চেক বিতরণ

মেহেরপুরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হ্রদরোগে আক্রান্ত দরিদ্র অসহায় রোগীদের মাঝে ৪১ লাখ ৫০ হাজার টাকার অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

রবিবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে এসব রোগীদের মাঝে প্রধান অতিথি হিসেবে অনুদানের এ চেক বিতরণ করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

মেহেরপুর জেলার ৮১ জন রোগীর মাঝে জাতীয় সমাজকল্যান পরিষদ ২০২১-২০২২ অর্থ বছরে এ অনুদান বরাদ্দ দেয়। এছাড়া বিভিন্ন রোগে আক্রান্ত ১৩৪ জন দরিদ্র অসহায় রোগীদের মাঝে আরো ৫ লাখ ২৪ হাজার টাকার চেক তুলে দেন তিনি।

মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপপরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, মহিলা আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শামীম আরা

হীরা।

এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর শহর সমন্বয় পরিষদের সভাপতি আমিনুল ইসলাম খোকন, সহসভাপতি রাহিনুর জামান পলেন প্রমুখ।